

## প্রবাসী বাংলাদেশীদের জন্য বিদ্যমান আয়কর সুবিধা

- ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে প্রেরিত প্রবাসী বাংলাদেশীর অর্থ সম্পূর্ণ করমুক্ত (অর্থ আইন, ২০০২)।
- প্রবাসী বাংলাদেশীদের স্থাবর সম্পত্তি ক্রয়ের ক্ষেত্রে টি,আই,এন, সার্টিফিকেটের প্রয়োজন হবে না (অর্থ আইন, ২০০২)
- ১লা জুলাই ২০০২ইং হতে ৩০শে জুন ২০০৫ ইং সময়ে ব্যবসা, শিল্প ও বানিজ্যিক উদ্যোগ যে কোন অর্থের বিনিয়োগ বিনা প্রশ্নে গ্রহন করা হবে। এ সুবিধা প্রবাসী বাংলাদেশীদের ক্ষেত্রেও প্রযোজ্য (অর্থ আইন, ২০০২)।
- ১লা জুলাই ২০০২ইং হতে ৩০শে জুন ২০০৫ ইং সময়ে কৃষি প্রক্রিয়াজাতকরণ শিল্পের আয় করমুক্ত। এ সুবিধা প্রবাসী বাংলাদেশী কর্তৃক স্থাপিত এরূপ শিল্পের ক্ষেত্রেও প্রযোজ্য (অর্থ আইন, ২০০২)।
- প্রবাসী বাংলাদেশীদের ‘ **Non-resident foreign currency deposit account** ’ প্রাপ্ত সুদ সম্পূর্ণ করমুক্ত।
- প্রবাসী বাংলাদেশীদের খরিদকৃত ‘ **Wage Earners' Development Bond** ’ এর আয় করমুক্ত।
- প্রবাসী বাংলাদেশী এবং বিদেশী পাসপোর্টধারী বাংলাদেশী ও তাদের পরিবারের সদস্যদের বাংলাদেশ সফর শেষে বাংলাদেশ ত্যাগের প্রকালে আয়কর ছাড়পত্র প্রয়োজন হবে না।

জাতীয় রাজস্ব বোর্ড

Website:<http://www.nbr.bd.org>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুন বাগিচা, ঢাকা-১০০০।

## সংবাদ বিজ্ঞপ্তি

**বিষয়ঃ বিদেশী পাসপোর্টধারী বাংলাদেশীদের বাংলাদেশ ত্যাগের সময় আয়কর সনদপত্র দাখিল  
অনাবশ্যিক।**

ঢাকা, ২৯মে ২০০২

সম্প্রতি জাতীয় রাজস্ব বোর্ড বিদেশী নাগরিকদের বাংলাদেশ ত্যাগের প্রাক্কালে Income Tax Clearance Certificate/Income Tax Exemption Certificate দাখিলের বিধান চালু করেছে। এ মর্মে জাতীয় রাজস্ব বোর্ড অবগত হয়েছে যে, বিদেশী পাসপোর্টধারী বাংলাদেশীদের বাংলাদেশ ত্যাগের প্রাক্কালে এরূপ আয়কর সনদপত্র দাখিলের প্রয়োজন আছে বলে কোন কোন মহলে বিভ্রান্তি সৃষ্টি হয়েছে। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিদেশী পাসপোর্টধারী বাংলাদেশীদের বাংলাদেশ ত্যাগের প্রাক্কালে Income Tax Clearance Certificate/Income Tax Exemption Certificate দাখিলের কোনই প্রয়োজন নেই। জাতীয় রাজস্ব বোর্ড আশা প্রকাশ করে যে, এই ব্যাখ্যা এ বিষয়ে সকল বিভ্রান্তি দূর করবে।

(মোঃ হাফিজ আল আসাদ)  
জনসংযোগ কর্মকর্তা  
ফোনঃ ৯৩৪৬৮২৪